

দিনাজপুর বোর্ডের স্থগিত ৪ পরীক্ষার তারিখ ঘোষণা

নিম্ন প্রতিবেদক

২২ সেপ্টেম্বর ২০২২ ০১:০৫

13

Shares

পিএম | আপডেট: ২২

সেপ্টেম্বর ২০২২ ০৮:০২

পিএম



দিনাজপুর শিক্ষা বোর্ড। ছবি: সংগৃহীত

advertisement

প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে দিনাজপুর শিক্ষা বোর্ডের এসএসসির স্থগিত চারটি বিষয়ের পরীক্ষা আগামী ১০ থেকে ১৩ অক্টোবরের মধ্যে অনুষ্ঠিত হবে। আজ বৃহস্পতিবার দিনাজপুর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মো. কামরুল ইসলাম পরীক্ষার সন্তাব্য এ তারিখ জানান।

তিনি বলেন, গণিত পরীক্ষা হবে ১০ অক্টোবর, কৃষিশিক্ষা ১১ অক্টোবর, পদার্থবিজ্ঞান ১২ অক্টোবর ও রসায়ন ১৩ অক্টোবর।

advertisement 3

এর আগে প্রশ্ন ফাঁসের কারণে গতকাল বুধবার দিনাজপুর শিক্ষা বোর্ডের গণিত, কৃষিশিক্ষা, পদার্থবিজ্ঞান ও রসায়ন পরীক্ষা স্থগিত করা হয়। কুড়িগ্রামের ভূরঙ্গামারী উপজেলায় প্রশ্ন ফাঁসের এ ঘটনা ধরা পড়ায় শিক্ষাবোর্ড এ সিদ্ধান্ত নেয়।

advertisement 4

রাত্তিন অনুষাঙ্গী, গণিত পরীক্ষা বৃহস্পতিবার (২২ সেপ্টেম্বর), পদার্থবিজ্ঞান (তত্ত্বীয়) শনিবার (২৪ সেপ্টেম্বর), কৃষিশিক্ষা রোববার (২৫ সেপ্টেম্বর) ও রসায়ন (তত্ত্বীয়) সোমবার (২৬ সেপ্টেম্বর) হওয়ার কথা ছিল।

এর আগে ঘশোর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের বাংলা দ্বিতীয় পত্রের এমসিকিউ পরীক্ষা স্থগিত করা হয়। চলমান এসএসসি পরীক্ষার প্রথম দিন ১৫ সেপ্টেম্বরে নড়াইল ও লোহাগড়ার দুটি পরীক্ষাকেন্দ্রে বাংলা প্রথম পত্রের এমসিকিউ প্রশ্নপত্রের জায়গায় বাংলা দ্বিতীয় পত্রের এমসিকিউ বিতরণ করা হয়েছিল।

পরীক্ষা নিয়ে কোনো বিতর্ক এড়াতে বাংলা দ্বিতীয় পত্রের এমসিকিউ পরীক্ষা স্থগিত করা হয়। স্থগিত বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্রের এমসিকিউ পরীক্ষা ৩০ সেপ্টেম্বর নেওয়া হবে।